



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয়  
শোক দিবস উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির উদ্বোধন ॥ কালো ব্যাজ ধারণ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০১ আগস্ট ২০২৪।

আজ বৃহস্পতিবার, শোকের মাস আগস্ট শুরু হয়েছে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ইতিহাসের ভয়াবহতম হত্যাকাণ্ড সংঘটিত হয়। এ দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যা করে খুনিচক্র। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আজ সকাল ১০টায় নতুন প্রশাসনিক ভবনের সামনে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে কালো ব্যাজ ধারণ অনুষ্ঠানের উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, কালো ব্যাজ ধারণ আমাদের দুঃখের প্রতীক। এই কালো ব্যাজ ধারণের মধ্য দিয়ে আমরা জাতির পিতা এবং তাঁর পরিবারের সকল শহিদকে স্মরণ করছি। উপাচার্য তাঁর বক্তব্যে ১৫ আগস্ট তারিখে শহিদ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি মুক্তিযুদ্ধের মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবার-পরিজনের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। উপাচার্য তাঁর বক্তব্যে শোকের মাসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, অনুষদসমূহের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, আবাসিক হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় সভাপতি, অফিস প্রধান, বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।

রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) মোঃ আবু হাসানের সঞ্চালনায় কালো ব্যাজ ধারণ অনুষ্ঠানের শুরুতে ৫২ সালের ভাষা আন্দোলন, ৭১-এর মহান মুক্তিযুদ্ধ, ৭৫ সালের ১৫ আগস্ট হত্যাকাণ্ড এবং বিভিন্ন সময়ে সংঘটিত গণতান্ত্রিক আন্দোলনে সকল শহিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য দাঁড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)